

পেঁপের মিলিবাগ বা ছাতরা পোকা

পোকা পরিচিতি

মিলিবাগ বা ছাতরা পোকা পেঁপের একটি মারাত্মক পোকা। এটি দেখতে ছোট, সাদা, মখমলের ন্যায়। পূর্ণাঙ্গ পোকা গাদা করে ডিম পেড়ে পশমী জালক তৈরি করে এবং একই সুতা দিয়ে ডিমগুলো ঢেকে রাখে এবং কুলতে থাকে। সদ্য ফোটা বাচ্চাগুলো দেখতে হালকা হলুদ রঙের। পোকাকার শরীর বাদামী অথবা কমলা হলুদ রঙের এবং ঘিয়া রঙের খাঁজকাটা, দেহের উপর সাদা থকথকে মোমের মত আবরণ থাকে।

রোগের লক্ষণ

পেঁপে ফলের গায়ে সাদাটে অবাস্তব বস্তুর উপস্থিতি দেখা যায় যা অনেকটা মখমলের মত। পোকাকার আক্রমণে পাতা, ফল ও ডালে সাদা সাদা তুলার মত দেখা যায়। অনেক সময় পিপড়া দেখা যায়। এরা পাতা ও ডালের রস চুষে নেয় ফলে গাছ দুর্বল হয়। এর আক্রমণে অনেক সময় পাতা ঝরে যায় এবং ডাল মরে যায়। পেঁপের রস শোষণ করে খায় ফলে ফলের আকার বৃদ্ধি বাধাপ্রাপ্ত হয়। ফল শক্ত হয়ে যায় বা পচে যায় ফলে খাওয়ার অনুপযোগী হয়ে পড়ে।



ছবি: আক্রান্ত ফল

সমন্বিত বালাই ব্যবস্থাপনা

১. আক্রান্ত পাতা ও ডগা ছাটাই করে ধ্বংস করা।
২. গাছের গোড়ার মাটি থেকে ১৫-২০ সে.মি. উপরে স্বচ্ছ পলিথিন দ্বারা মুড়ে দিতে হবে যাতে মিলিবাগ গাছে উঠতে না পারে।
৩. সম্ভব হলে হাত দিয়ে ডিম বা বাচ্চার গাদা সংগ্রহ করে ধ্বংস করতে হবে।
৪. জৈব বালাইনাশক নিমবিসিডিন (০.৪%) ব্যবহার করতে হবে।
৫. আক্রমণ বেশী হলে প্রতি লিটার পানিতে ২ মি.লি. রগর,টাফগর,সানগর বা সুমিথিয়ন এবং ২ মি.লি. মিপসিন বা সপসিন মিশিয়ে স্প্রে করা।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

